রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২২, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ৭ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ/২১ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২০৯-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ সরকারি-বেসরকারি অংশীদারিত্ব আইন, ২০১৫ (২০১৫ সনের ১৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২২ এর অধীন গঠিত কোন প্রকল্প কোম্পানি কর্তৃক উক্ত আইনের ধারা ১৪ অনুযায়ী অনুমোদিত নিম্ন সারণীতে উল্লিখিত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য—

(ক) সংগৃহীত (raised) শেয়ার মূলধন হস্তান্তর হইতে উদ্ভূত মূলধনী মুনাফার উপর উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত; এবং

(খ) উক্ত পিপিপি প্রকল্প পরিচালনার জন্য পরিশোধকৃত Royalty এবং Technical know-how ও Technical assistance ফি এর উপর উক্ত কোম্পানির বাণিজ্যিক কার্যক্রম আরম্ভের তারিখ হইতে পরবর্তী ১০ (দশ) বৎসর পর্যন্ত;

প্রদেয় আয়কর হইতে এতদ্দ্বারা অব্যাহতি প্রদান করিল, যথা:—

সারণী

ক্রম	পিপিপি প্রকল্প
(১)	National Highways or Expressways and related Service Roads
(২)	Flyovers
(৩)	Elevated and At-Grade Expressways

মূল্য ঃ টাকা ৪.০০

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

ক্রম	পিপিপি প্রকল্প
(৪)	River Bridges
(৫)	Tunnels
(৬)	River port
(৭)	Sea port
(৮)	Airport
(৯)	Subway
(১০)	Monorail
(১১)	Railway
(১২)	Bus Terminals
(১৩)	Bus Depots
(১৪)	Elderly care home:

তবে শর্ত থাকে যে, উক্ত কোম্পানিকে—

(ক) ১২-ডিজিট Taxpayer's Identification Number গ্রহণ করিতে হইবে; এবং

(খ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এর বিধান অনুযায়ী আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com